



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

তাপ প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজশাহী, পাবনা ও পটুয়াখালী জেলা এবং খুলনা বিভাগের জন্য)

বুলেটিন নং ১১২

প্রকাশের তারিখ: ০৫/০৪/২০২৬

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের প্রতিবেদন (০৪.০৪.২০২৬ সন্ধ্যা ৬টা) অনুযায়ী টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজশাহী, পাবনা এবং পটুয়াখালী জেলাসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। তাপপ্রবাহের ক্ষতিকর প্রভাব থেকে দভায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- তাপপ্রবাহের ক্ষতি থেকে ধান ফসল রক্ষার জন্য ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন। এ সময় জমিতে যেন পানির ঘাটতি না হয়।
- বর্তমান আবহাওয়ায় ধান গাছের বৃদ্ধি পর্যায়ে শীষ ব্লাস্ট রোগের আক্রমণ হতে পারে। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই প্রিভেন্টিভ হিসেবে বিকাল বেলা ট্রুপার ৮ গ্রাম/১০ লিটার পানি অথবা নেটিভো ৬ গ্রাম/১০ লিটার পানি ৫ শতাংশ জমিতে ৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করুন।
- আম গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখাপ্রশাখায় পানি স্প্রে করা যেতে পারে।
- সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজন অনুযায়ী ২ থেকে ৩ টি সেচের ব্যবস্থা করুন।
- ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।

০৫/০৪/২০২৬

(উম্মী আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে